অকাল

বঙ্গীয় শব্দকোষ

বিণ [ন.বহুব্রী; স্ত্রী -লা]

যাহার কাল (যোগ্যকাল) নহে; অপ্রাপ্তকাল, অনুচিতকাল, অসাময়িক, অকালিক।

”০সন্ধ্যা কু.স ১.৪। ০মৃত্যু উ.চ ২৬/৭। অকালমরণরীতি কৃ ৪৮৫। অকালমরণ শ্রী মা ২২১; কৃ উ ১৯২; ম ১২৭২।

-ল পুং [ন.ত]

১ অপ্রশস্ত সময়; অযোগ্যকাল, অনুচিতকাল।

”মনু ৩.১০৫; অকালে ক্রয়বিক্রয়ী ৮.৪০০। অকালে কি আরম্ভিলা প্রভু, যজ্ঞ? মা ১০১।

২ অবৈধকাল।

”মনু ৭.১৬৪। অকালে শরতে কৈল চণ্ডীর বোধন কৃ ৩৪৮; ৪৫৮।

৩ অপূর্ণ বা অপ্রাপ্তকাল; অসময়।

”অকালে বোধিতঃ রঘু ১২.৮১। নাকালে ম্রিয়তে জন্তু হি ২.১৫। অকালে ভাঙ্গিলা ডিম্ব পূর্ণ নাহি হয়ে ম ৮। বীরবাহু চলি যবে গেলা যমপুরে০ অকালে মে ১।

৪ অশুভকাল; অশুদ্ধকাল; ক্ষয়মাস মলমাস ইত্যাদি।

৫ [মৈ অকাল] অন্নাভাবকাল, দুর্ভিক্ষ, আকাল।

”অকালে অন্নাভাবে মরি E.P. 90.

৬ প্রলয়।

”অকালজলধি যেন করয়ে হুঙ্কার অ.প ১৫; অকালজলধী যেন সংহারয়ে সৃস।টি ১৯।

৭ অতর্কিতকাল, অসময়।

”অকালে কালের আগমন য ১৪।